

## 💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ নফল সিয়াম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

আল্লাহর নাবী দাউদ আলাইহিস সালাম কীভাবে সওম পালন করতেন?

(ক) এ বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

أَحَبُّ الصِّيّامِ إِلَى اللهِ صبِيَامُ دَاؤُدَ وَكَانَ يَصنُوْمُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا

''আল্লাহর কাছে (নফল সিয়ামের মধ্যে) সবচেয়ে প্রিয় সিয়াম হল দাউদ আলাইহিস সালাম'র সিয়াম। তিনি একদিন সিয়াম পালন করতেন, আর এক দিন সিয়াম ত্যাগ করতেন। (মুসলিম : ১১৫৯)

(খ) অন্য আরেক হাদীসে আছে, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে মাসে ৩ দিন রোযা রাখতে বললে সে বলল, আমি এর চেয়েও বেশি রোযা পালনে সক্ষম। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন,

صُمْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا فَإِنَّهُ أَفْضَلُ الصِّيَامِ صَوْمُ أَخِيْ دَاوُدَ عَلَيْهِ السَّلاَمُ

"তাহলে একদিন সিয়াম পালন কর ও একদিন ভঙ্গ কর। কেননা এটাই সর্বোত্তম সিয়াম যা আমার নবুওয়তী ভাই পয়গাম্বর দাউদ আলাইহিস সালাম পালন করতেন।" (বুখারী : ৩৪১৮; মুসলিম : ১১৫৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2677

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন